

ফেমল্যাব প্রতিযোগিতার বিজয়ী ঘোষণা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

২৪ মার্চ ২০১৯, ১২:৪১

আপডেট: ২৫ মার্চ ২০১৯, ১৭:১২



ফেমল্যাব প্রতিযোগিতার

বিজয়ী হয়েছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এ এস এ আফরিন বিন নূর। ছবি: সংগৃহীত। বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত (এসটিইএম) বিষয়ে উৎসাহীদের জন্য ব্রিটিশ কাউন্সিলের আয়োজনে দ্বিতীয় বছরের অনুষ্ঠিত হলো ‘ফেমল্যাব বাংলাদেশ ২০১৯’ শীর্ষক প্রতিযোগিতা। গতকাল শনিবার রাজধানীর ওয়েস্টিন হোটেলে ওই প্রতিযোগিতার বিজয়ী হিসেবে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এ এস এ আফরিন বিন নূরের নাম ঘোষণা করা হয়। যুক্তরাজ্যের শেলটেনহ্যামে ইন্টারন্যাশনাল শেলটেনহ্যাম সায়েন্স ফেস্টিভ্যালে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করবেন তিনি। চূড়ান্ত প্রতিযোগিতার আগে ১৪ প্রতিযোগীকে প্রশিক্ষণ দেন যুক্তরাজ্যের মাস্টারক্লাস প্রশিক্ষক।

২০১৮ সাল থেকে বাংলাদেশে ফেমল্যাভের আয়োজন করে আসছে ব্রিটিশ কাউন্সিল। এবারের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন ও শিক্ষা মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মো. সোহরাব হোসেন।